৮

ঢাকা ওয়াসা

(১) দাশেরকান্দি পয়ঃশোধনাগারের অনুকূলে ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (এপিপি)'র কপি।

(২) HydroChina Corporation হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- DSTP-O&M-HydroChina-DWASA-EE-0029/23; Date: 11/11/2023.

(৩) আঞ্জুমা এন্টারপ্রাইজ হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ১২/১১/২০২৩ইং।

(৪) মেসার্স এস.এম ট্রেডিং কর্পোরেশন হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ১২/১১/২০২৩ইং।

(৫) মেসার্স মুন্না ট্রেডার্স হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ১২/১১/২০২৩ইং।

(৬) প্রাপ্ত দরের ভিত্তিতে তৈরীকৃত তুলনামূলক বিবরণী।

(৭) প্রস্তুতকৃত প্রাক্কলন।

০১। ক্রমিক নং-০১ হতে ০৭ দয়া করে দেখা যেতে পারে। ঢাকা মহানগরবাসীর শতভাগ পয়ঃ সেবা প্রদানের লক্ষ্যে Export-Import Bank of China এর অর্থায়নে চীনা রাষ্ট্রায়ত্ব ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation কর্তৃক ঢাকা ওয়াসার দাশেরকান্দি পয়ঃশোধনাগারটি বাস্তবায়ন হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation এর সহিত চুক্তি অনুযায়ী ০১ বছর Operation and Maintenance কার্যক্রম শেষে গত ০১/০৭/২০২৩খ্রিঃ তারিখ হতে ঢাকা ওয়াসা কর্তৃক আলোচ্য পয়ঃশোধনাগারটির Operation and Maintenance কার্যক্রম চলমান রয়েছে।

০২। আলোচ্য পয়ঃশোধনাগারের আওতায় ১টি পয়ঃলিফটিং স্টেশন ($6m^3/s$) ও ১টি Inlet Pumping Station বিদ্যমান রয়েছে। পয়ঃলিফটিং স্টেশনে ৮টি পাম্প রয়েছে (প্রতিটি ১২৫কিলোওয়াট) ও Inlet Pumping Station এ ১০টি পাম্প রয়েছে (প্রতিটি ২১৫কিলোওয়াট)। পয়ঃলিফটিং স্টেশন ও Inlet Pumping Station এর পাম্প পরিচালনার জন্য যথাক্রমে 400A ও 800A এর সার্কিট ব্রেকার প্রয়োজন হয়। বর্তমানে Inlet Pumping Station এর ১টি 800A এর সার্কিট ব্রেকার নষ্ট থাকায় ও পয়ঃশোধনাগারের Storage এ উল্লেখিত সার্কিট ব্রেকার মজুদ না থাকায় পয়ঃশোধনাগারের Operation সুষ্ঠুভাবে নিরবিচ্ছিন্ন রাখার স্বার্থে 400A ও 800A এর সার্কিট ব্রেকার জরুরী ভিত্তিতে ক্রয়ের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান পত্র প্রেরণ করেছে (ক্রমিক নং-২ দ্রঃ)।

০৩। আলোচ্য পয়ঃশোধনাগারটি ২৪ঘন্টা চলমান থাকায় প্রায়শই সার্কিট ব্রেকার নষ্ট হয়। ফলে উল্লেখিত রেটিংয়ের সার্কিট ব্রেকার ক্রয়ের লক্ষ্যে স্থানীয় বাজার হতে ৩টি কোটেশন সংগ্রহ করা হয়েছে (ক্রমিক নং-৩, ৪ ও ৫ দ্রঃ) । সংগ্রহীত কোটেশনের ভিত্তিতে একটি তুলনামূলক বিবরণী প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-৬ দ্রঃ)। তুলনামূলক বিবরণী হতে দেখা যায় যে, আঞ্জুমা এন্টারপ্রাইজ উল্লেখিত 400A ও 800A এর সার্কিট ব্রেকার এর দর যথাক্রমে ৪৫,৫০০/- ও ১৯,৫০০/- টাকা (VAT ও IT সহ) সরবরাহের নিমিত্তে সর্বনিম্ন দর দাখিল করেছে। সর্বনিম্ন দরের আলোকে আলোচ্য পয়ঃশোধনাগারের অনুকূলে 400A ও 800A সার্কিট ব্রেকার ক্রয়ের লক্ষ্যে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-৭ দ্রঃ)। সর্বমোট প্রাক্কলিত মূল্য ৪,৮৭,৫০০/- (চার লক্ষ সাতাশি হাজার পাঁচশত টাকা) মাত্র।

০৪। এমতাবস্থায়, দাশেরকান্দি পয়ঃশোধনাগারের Operation and Maintenance কার্যক্রম সুষ্ঠু ও নিরবিচ্ছিন্নভাবে চলমান রাখার স্বার্থে 400A ও 800A এর সার্কিট ব্রেকার আঞ্জুমা এন্টারপ্রাইজ এর মাধ্যমে PPR-2008 এর ৭৬(১)(ট) অনুযায়ী ক্রয়ের লক্ষ্যে ৪,৮৭,৫০০/- (চার লক্ষ সাতাশি হাজার পাঁচশত) (VAT ও IT সহ) টাকার অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য, আলোচ্য ব্যয়ভার পয়ঃশোধনাগারের আওতায় অনুমোদিত ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- ৩৩ হতে নির্বাহ করা হবে।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।

AE SE/CE

14.11.2023 14-11-23 14/11/2023 14/11/2023

মনমথ রায়
উপ-সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

রাজীব আহমেদ
সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

মোঃ মোমতাজুর রহমান
নির্বাহী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃ শোধনাগার
ঢাকা ওয়াসা।

মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

৫/ অনু-৪ এর প্রস্তাবে অনুমোদন দেওয়া যেতে পারে।
14/11/2023

DMD (O & M)

14/11/23

MD.

(প্রকৌঃ এ.কে.এম. সহিদ উদ্দিন)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

প্রকৌঃ তাকসিম এ খান